দৈনিক
ইত্তেফাক

তারিখ 26 JUN 2015
পৃষ্ঠা ২০ কলাম ৫

# পাবলিক ইউনিভার্সিটিতে শিক্ষকদের বয়সসীমা হবে ৬৫ বছর

## সংসদে বিল উত্থাপন

■ ইত্তেফাক রিপোর্ট

দেশের সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ে শিক্ষকদের চাকরি থেকে অবসরের বয়সসীমা ৬৫ বছর করা হচ্ছে। এলক্ষ্যে গতকাল সোমবার জাতীয় সংসদে পাবলিক বিশ্ববিদ্যালয় শিক্ষক (অবসর গ্রহণ) (বিশেষ বিধান) বিল-২০১২ উত্থাপন করা হয়েছে। বিল উত্থাপন করেন শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ। ১০ দিনের মধ্যে পরীক্ষা করে সংসদে রিপোর্ট দেয়ার জন্য বিলটি শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটিতে পাঠানো হয়েছে।

দেশের ৩৩টি পাবলিক বিশ্ববিদ্যালয়ে আইনের সংশ্লিষ্ট ধারা সংশোধন করার লক্ষ্যে বিলটি উত্থাপন করা হয়েছে।

পৃষ্ঠা ২ কলাম ১

## পাবলিক ইউনিভার্সিটিতে

২০ পৃষ্ঠার পর

বিলের উদ্দেশ্য ও কারণ সম্পর্কে শিক্ষামন্ত্রী বলেন, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে বর্তমানে শিক্ষকদের অবসরের বয়সসীমা ৬৫ বছর। বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য পাবলিক বিশ্ববিদ্যালয়ের অবসরের বয়সসীমা ৬০ বছর। দেশের সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের অবসরগ্রহণের বয়সসীমা ৬৫ বছর করার প্রস্তাব যুক্তিযুক্ত। মন্ত্রী বলেন, গত ১৮ মে পাবলিক বিশ্ববিদ্যালয়ের উপাচার্যরা বঙ্গভবনে রাষ্ট্রপতির সঙ্গে বৈঠক করেন। এসময় উপাচার্যগণ দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের অবসরের বয়সসীমা ৬৫ বছর করার প্রস্তাব করলে রাষ্ট্রপতি তাতে একমত পোষণ করেন। বিলের ৩ নম্বর ধারায় প্রস্তাব করে বলা হয়েছে, কোন আইন, অধ্যাদেশ, রাষ্ট্রপতির আদেশ, বিশ্ববিদ্যালয়ের সংবিধি, বিধি, প্রবিধি, উপ-আইন অথবা আইনের ক্ষমতাসম্পন্ন কোন দলিলে যাই থাকুক না কেন, পাবলিক বিশ্ববিদ্যালয়ের একজন শিক্ষক ৬৫ বছর বয়সপূর্তিতে চাকরি হতে অবসর গ্রহণ করবেন।